গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬.২০৩৩ | তারিখ: ১৫ পৌষ ১৪২৩/ ২৯ ডিসেম্বর ২০১৬

**বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব কাজী হাবিবুল আউয়াল<br>সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৬ ডিসেম্বর ২০১৬, সকাল ১১:০০ ঘটিকা । |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে বাস্তবায়ন হচ্ছে। প্রত্যেকটি মন্ত্রণালয়/বিভাগ নিজ নিজ কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ও অত্যন্ত গুরুত্ব সহকারে কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করেছে। এ মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত ২০১৬-১৭ সালের কর্ম পরিকল্পনার অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকের গৃহীত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে আজকের সভার অনুমোদন গ্রহণপূর্বক তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। অত:পর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্টে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

<u>আলোচ্যসূচি (১):</u>

২.০ মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট জনাব মোঃ সফিকুল আহম্মদ মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, কর্মপরিকল্পনার অক্টোবর-ডিসেম্বর সময়ের জন্য গৃহীত কার্যক্রম সফল ভাবে বাস্তবায়ন করা হয়েছে। তবে সচেতনতা বৃদ্ধিমূলক সভাটি এ প্রান্তিকে করা সম্ভব হয়নি যা আগামী সময়ে করা হবে। আইন যুগোপযোগীর বিষয়ে নির্ধারিত আইনটি মন্ত্রিপরিষদ সভায় অনুমোদিত হবার পর তা ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরন করা হয়েছে। তাছাড়া, ই-টেন্ডার চালুর বিষয়টি ডিসেম্বর ২০১৬ এর মধ্যে কার্যক্রম শুরু করা সম্ভব হয়নি। কারণ এখনও সংশ্লিষ্ট কর্মচারীদের ই-জিপি প্রশিক্ষণ সম্পন্ন হয়নি।

<u>আলোচ্যসূচি (২):</u>

৩.০ ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, গত বছর থেকে মন্ত্রণালয়ের পাশাপাশি অত্র মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থা নিজ নিজ কর্ম পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করছে। তদুপরি মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ আগস্ট ২০১৬ তারিখের নির্দেশনা অনুযায়ী সকল দপ্তর/সংস্থাকে একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ জানান যে, তাঁরা নিজ নিজ দপ্তরের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি বলেন যে সকল দপ্তর/সংস্থা এখনও ২০১৬-২০১৭ সালের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করেনি তারা দ্রুত কর্মপরিকল্পনা প্রণয়ন করবে।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি ২য় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদন করা হলো;

৪.২ প্রত্যেক দপ্তর/সংস্থা ২০১৬-১৭ সালের জন্য একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়ন করবে এবং প্রণয়নকৃত কর্মপরিকল্পনা আগামী ৩১ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

**স্বাক্ষরিত/-**
**২৮/১২/২০১৬**
(কাজী হাবিবুল আউয়াল)
সিনিয়র সচিব
এবং
সভাপতি
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১১০.২৭.০৬২.১৬.২০৩৩ তারিখ: ১৫ পৌষ ১৪২৩/ ২৯ ডিসেম্বর ২০১৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

(১) সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃঃআঃ অতিরিক্ত সচিব, প্রশাসনিক সংস্কার ও বাস্তবায়ন)।
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস।
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা।
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।

(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা।
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়।
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর।
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা।

অনুলিপি:

১। জনাব মোঃ সফিকুল আহম্মদ, যুগ্মসচিব এবং ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সাধারণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। উপ-সচিব (৩)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ ফরহাদ হোসেন)
সহকারী সচিব(ডি-১১)
ফোন: ৯১১৩০০৬



E/kabir/Letter/Minutes